# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ১৩ মার্চ, ২০০৮ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন সামসুল আলম, (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন সাইফ সিদ্দিকী, পিএসসি, জিডি (পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) মেজর মোঃ মোমিনুর রহমান মামুন -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।

(৪) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

(৫) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোহাঃ আব্দুল খালেক (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ১৭ জানুয়ারি, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ১৭ জানুয়ারি, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো। তবে আলোচ্যসূচী-১৭ এর অনুবৃত্তিক্রমে গঠিত কমিটির পর্যালোচনা মোতাবেক সেনা হোটেল ডেভলোপমেন্ট কর্তৃক ইতোমধ্যে স্থাপিত গভীর নলকূপ এর নকশা ঘটনোত্তর অনুমোদনের লক্ষ্যে আবেদন করার জন্য সেনা হোটেল ডেভলোপমেন্ট কর্তৃপক্ষকে-কে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২ ঃ জানুয়ারি, ২০০৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জানুয়ারি, ২০০৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

চলমান পাতা-২

আলোচ্যসূচী-৩ ঃ জানুয়ারি, ২০০৮ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জানুয়ারি, ২০০৮ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ ঃ জানুয়ারি, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জানুয়ারি, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ ভাষাণটেক এলাকায় বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক অধিগ্রহণকৃত জমির উপর প্রতিষ্ঠিত ভাষাণটেক উচ্চ বিদ্যালয়টি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অন্তর্ভুক্ত করার জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৮ জুলাই, ২০০৭ তারিখের পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক বিদ্যালয়ের বর্তমান অবস্থা ও আনুষঙ্গিক তথ্যাদি চাওয়া হলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক গত ২৯ ডিসেম্বর, ২০০৭ তারিখের পত্রের মাধ্যমে বিদ্যালয়ের স্থাবর/ অস্থাবর সম্পত্তির বিবরণ অত্র দপ্তরে প্রেরণ করেন। উক্ত বিদ্যালয়টি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অন্তর্ভুক্তকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য এতদ্‌সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভার বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে প্রতিরক্ষা বিভাগীয় জমিতে স্থাপিত ভাষাণটেক উচ্চ বিদ্যালয়টি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অন্তর্ভুক্ত করার নিমিত্তে দ্রুত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ ঃ মিরপুর ডিওএইচএস এলাকার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত প্রহরী হিসাবে ১২ জন আনসার সদস্যকে ০৪ মার্চ, ২০০৮ তারিখ পর্যন্ত সময়ের জন্য নিয়োগ করা হয়েছিল এবং মেয়াদান্তে তাদেরকে পরবর্তী ০৬(ছয়) মাসের জন্য নিয়োগ প্রদানের অনুমোদনসহ প্রহরীদের ০৬(ছয়) মাসের বেতন-ভাতা বাবদ মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল থেকে ২,৬২,৮০৩/৮৪ (দুই লক্ষ বাষট্টি হাজার আটশত তিন টাকা চুরাশি পয়সা) টাকা বরাদ্দের জন্য মিরপুর ডিওএইচএস পরিষদ এর ১২ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখের ১৭০১/ ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এলাকার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত প্রহরী হিসাবে ১২ জন আনসার সদস্যের ০৬(ছয়) মাসের জন্য নিয়োগ প্রদানের অনুমোদনসহ তাদের ০৬(ছয়) মাসের বেতন-ভাতা বাবদ মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল থেকে ২,৬২,৮০৩/৮৪ (দুই লক্ষ বাষট্টি হাজার আটশত তিন টাকা চুরাশি পয়সা) টাকা বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ৬৮০০-১৩০৯০/- টাকা বেতন স্কেলে সিনিয়র কম্পিউটার অপারেটর এর পদ সৃষ্টিসহ উক্ত পদে পদোন্নতি প্রদানের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কম্পিউটার অপারেটর জনাব মোহাম্মদ মাসুদ রানা গত ২৫ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখে আবেদন করেন। এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য আবেদপত্র ও তৎসংযোজিত কাগজাদি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, বাস্তবায়ন শাখার ২০ এপ্রিল, ১৯৮৫ তারিখের MF/FD (Imp) I-(F)-9/85/32 নং প্রজ্ঞাপন মোতাবেক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ৬৮০০-১৩০৯০/- টাকা বেতন স্কেলে সিনিয়র কম্পিউটার অপারেটর এর একটি পদ সৃষ্টিসহ জনাব মোহাম্মদ মাসুদ রানার দক্ষতা ও অভিজ্ঞতা বিবেচনা করে তাকে উক্ত পদে পদোন্নতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/বি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর দলিল মূলে মালিক (১) জনাব মোঃ আনোয়ার হোসেন, পিতা- মরহুম আহাম্মদ হোসেন ও (২) মোসাম্মৎ আকতারা শরীফ, স্বামী- জনাব আনোয়ার হোসেন এর নামজারীর সময় মোসাম্মৎ আকতারা শরীফ এর পরিবর্তে অত্র দপ্তরের রেকর্ডপত্রে মোসাঃ আকতারী শরীফ করা হয়। উক্ত নাম সংশোধনের জন্য জনাব মোঃ আনোয়ার হোসেন ও মোসাম্মৎ আকতারা শরীফ গত ০৮ অক্টোবর, ২০০৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। বিষয়টি গত ৩০ অক্টোবর, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী- ২০ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বাড়ীর মালিকের নাম সংশোধনের নিমিত্তে সংশ্লিষ্ট ক্রেতার এসএসসি বা সমমানের সনদপত্র বা বিয়ের কাবিননামা জমা করে সে মোতাবেক নাম সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট আবেদনকারী ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফপূর্বক নাম সংশোধনের ঘোষণা প্রদান করেছেন এবং সংশোধিত নামে নামজারীর আবেদন করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/বি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিকের নাম সংশোধনের নিমিত্তে সংশ্লিষ্ট ক্রেতার এসএসসি বা সমমানের সনদপত্র বা বিয়ের কাবিননামা জমা করে সে মোতাবেক নাম সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-৯ ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ বদিউজ্জামান ১ নং রোডের পশ্চিমে আইএসপিআর অফিস সংলগ্ন জলাশয়টি লীজ প্রদানের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ১৪ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখে ০২ (দুই)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে ইনস্টিটিউট অব ট্যুরিজম এন্ড ক্যাটারিং সার্ভিসেস (আইটিসিএস), বাড়ী#৬৬, রোড#১, ব্লক#আই, বনানী, ঢাকা-১২১২ কর্তৃক প্রদত্ত ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে পর পর দুই বার বহুল প্রচারিত দৈনিক পত্রিকার মাধ্যমে দরপত্র আহ্বান করেও আশানুরূপ সাড়া না পাওয়ায় ঢাকা সেনানিবাসস্থ শহীদ বদিউজ্জামান ১ নং রোডের পশ্চিমে আইএসপিআর অফিস সংলগ্ন পরিত্যক্ত জলাশয়টি ০৩(তিন) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে ইনস্টিটিউট অব ট্যুরিজম এন্ড ক্যাটারিং সার্ভিসেস (আইটিসিএস), বাড়ী#৬৬, রোড#১, ব্লক#আই, বনানী, ঢাকা-১২১২ কর্তৃক প্রদত্ত ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত ট্রেড লাইসেন্স পর পর দুই বৎসর নবায়ন করা না হলে উক্ত ট্রেড লাইসেন্স বাতিল অথবা জরিমানা ধার্য করে নবায়ন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত ট্রেড লাইসেন্স এক সাথে ০৫(পাঁচ) বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো এবং মেয়াদোত্তীর্ণ লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ঢাকা সিটি কর্পোরেশনের ন্যায় প্রতি অর্থ বছরের ৩০ সেপ্টেম্বর এর মধ্যে নবায়নে ব্যর্থ হলে লাইসেন্সধারীগণ হতে লাইসেন্স প্রতি মাসিক ৫০/- (পঞ্চাশ) টাকা অথবা ট্রেড লাইসেন্স ফি এর মাসিক ৫% (যা বেশী) হারে সারচার্জ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৪

আলোচ্যসূচী-১১ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭ নং প্লটে নির্মিত বাড়ীর বিসি-১ নং ফ্ল্যাটের মালিক বেগম ফারজানা চৌধুরী, স্বামী- সাইফুল আহমদ চৌধুরী এর ১৭ ডিসেম্বর, ২০০৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে বেগম হুসান আরা বেগম, স্বামী- মরহুম খন্দকার মুসলেহ উদ্দিন আহমেদ এর নিকট বিসি-১ (২য় তলা) নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৪ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭ নং প্লটে নির্মিত বাড়ীটি নিয়মিতকরণ করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৯/এ নং প্লটে নির্মিত বাড়ীর ১/বি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে বেগম শাহরিয়া শারমিন, স্বামী- জনাব আরশাদ জামাল এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১৯ জুন, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১৯/এ/ফ্ল্যাট নং-১/বি/৬ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে আবেদনকারীর নামে নামজারীর বিষয়ে তাঁর ২১ জানুয়ারি, ২০০৮ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে বিষয়টি পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৯ নং প্লটে নির্মিত বাড়ীর ডি/১ নং ফ্ল্যাটটির অর্ধাংশ রেজিস্ট্রিকৃত হেবা দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে রোজিনা আক্তার চৌধুরী, স্বামী- উইং কমান্ডার মোঃ তাবারক হোসেন ভূঁঞা, পিএসসি (অবঃ) এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, বোর্ডসভার অনুমোদনক্রমে অত্র দপ্তরের ০৭ আগস্ট, ২০০৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৯/ফ্ল্যাট নং-ডি/১/৫৩ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটির অর্ধাংশ রেজিস্ট্রকৃত হেবা দলিলমূলে দান করার অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে আবেদনকারীর নামে নামজারীর বিষয়ে তাঁর ০৪ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৯ নং প্লটে নির্মিত বাড়ীটি নিয়মিতকরণ করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিইসি-১১০০২৭ লেঃ কর্ণেল মোঃ কামাল উদ্দিন (অবঃ) | বি/১৪৯ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা নতুন ভবন (পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (২) | মিসেস ফারাহ আমিন<br>পিতা- মরহুম লেঃ কর্ণেল (অবঃ) আমিন হোসেন | ২৪১ | -ঐ- | ০৬(ছয়) তলা নতুন ভবন (পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

চলমান পাতা-৫

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৩) | জনাব খন্দকার আজিজুল হক | ৪৫ | মহাখালী ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন (পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (৪) | জনাব মোঃ নূরুল হক<br>যুগ্ম সচিব | ৫০৬/বি | -ঐ- | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (৫) | মিসেস মোর্শেদা মোমেন<br>স্বামী- ব্রিগেঃ জেনাঃ (অবঃ) এ এইচ এম আব্দুল মোমেন | ১৫১ | -ঐ- | সংশোধিত ০৬(ছয়) তলা নতুন ভবন (পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (৬) | বিএ-৬৯৭ কর্ণেল মুরাদ মোহাম্মদ খালেকুজ্জামান জালালাবাদী | ২৭৭ | বারিধারা ডিওএইচএস | ০৬(ছয়) তলা সংশোধিত (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৭) | বিএ-২১৩১ ব্রিগেঃ জেনাঃ মোঃ তাজুল ইসলাম, ইএমই | ৬৫৯ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৮) | বিএসএস-১৭১৪ মেজর (অবঃ) আবু মোঃ ফেরদৌস চৌধুরী | ৪৬১ | -ঐ- | -ঐ- |
| (৯) | বিএ-১৫২১ ব্রিগেঃ জেনাঃ ডি এস শওকত রাজা | ২২১ | -ঐ- | -ঐ- |
| (১০) | বিএসএস-১৭১০ লেঃ কর্ণেল মোঃ শফিকুর শাহজাহান চৌধুরী | ২৭২ | -ঐ- | -ঐ- |
| (১১) | বিএ-১৯৪৪ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ কামরুল হুদা, পিএসসি | ৬১০ | -ঐ- | -ঐ- |
| (১২) | বিএ-১০০২৯০ কর্ণেল গিয়াস উদ্দিন চৌধুরী, এএমসি | ৪৪০ | -ঐ- | -ঐ- |
| (১৩) | জনাব মোঃ খায়রুল আলম | ৪০০ | -ঐ- | -ঐ- |
| (১৪) | বিএ-১৬৭৩ কর্ণেল সাইদ আবু ইয়াহইয়া | ১৮৬ | -ঐ- | সংশোধিত ০৬(ছয়) তলা নতুন ভবন (আভ্যন্তরীন) |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ কারিগরীভাবে সঠিক থাকায় অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বারিধারা ডিওএইচএস এলাকার লেইন নং-২ (পূর্ব ও পশ্চিম পার্শ্ব) কার্পেটিং কাজ। | ২৪,৯৫,৭০৩/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২) | বারিধারা ডিওএইচএস এলাকার লেইন নং-৬ (পূর্ব ও পশ্চিম পার্শ্ব) কার্পেটিং কাজ। | ২৯,৯৯,১৭৬/- টাকা | -ঐ- |
| (৩) | বারিধারা ডিওএইচএস এলাকার লেইন নং-৭ (পশ্চিম পার্শ্ব) কার্পেটিং কাজ। | ২১,১৩,৭১০/- টাকা | -ঐ- |
| (৪) | বারিধারা ডিওএইচএস এর কনভেনশন সেন্টারের ব্যবহারের জন্য আর্মি ট্রানজিট ক্যাম্প ও পিওএল ডিপোর মধ্যবর্তী বিদ্যমান রাস্তার উভয় পার্শ্বে আরসিসি পিলারের মাধ্যমে কাটা তারের বেড়া নির্মাণ কাজ। | ৬,০৯,৯০৪/- টাকা | -ঐ- |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টঃ বোর্ড স্টাফ কোয়ার্টার নং- ৪/এ, ৪/বি, ৪/সি, ৪/ডি, এবং ৪/ই বাসাসমূহের পানির লাইন মেরামত কাজ। | ৮৮,৮৩০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ। |
| (৬) | বনানী ডিওএইচএস এলাকার ১ নং রোডের কার্পেটিং ও মেরামত কাজ। | ৫,৪৫,০৫৫/- টাকা | অনুদান |

চলমান পাতা-৬

৪

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (৭) | বনানী ডিওএইচএস এলাকার ৬/এ নং রোডের কার্পেটিং ও মেরামত কাজ। | ১,৭৩,৯৪৯/- টাকা | অনুদান |
| (৮) | বনানী ডিওএইচএস এলাকার ৬ নং রোডের ৬/এ হতে পশ্চিম দিকে গলফ্ ক্লাব পর্যন্ত উত্তর পার্শ্ব দিয়ে ড্রেন নির্মাণ। | ৩,১২,৮৪৩/- টাকা | অনুদান |
| (৯) | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২২৬, ২২৬/১, ২২৬/২, ২২৫, ২২৭, ২২১ ও ২২০ নং বাড়ীর সামনের রাস্তায় ড্রেনসহ পিসিসিকরণ। | ২,৭০,৪১২/- টাকা | অনুদান |
| (১০) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের কক্ষ সংকুলান না হওয়াতে স্টোর রুম সংলগ্ন একতলা ভবন সম্প্রসারণ ও সহকারী সচিবের পার্টিশনসহ দুটো টয়লেট মেরামত ও সংস্কার কাজ। | ১৭,৭৪,০৯৪/-টাকা | অনুদান |
| (১১) | গ্যারিসন ওভারব্রীজ রং করণ ও পোষ্ট অফিস বাসষ্ট্যান্ড (সাবেক বাতেন ফিলিং ষ্টেশন) পিসিসি ঢালাইকরণ। | ৩৯,২৩৫/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১২) | ক্যান্ট হাউজ এর গার্ডরুম নির্মাণ ও ট্যাক্স সুপারিনটেনডেন্ট এর রুম সংস্কার ও মেরামত করণ। | ৫১,৫০৪/-টাকা | -ঐ- |
| (১৩) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ২৫/ডি-৪, ২৫/ডি-৫, ২৬/ডি-১৫ ও২৬/ডি-১৬ নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৯০,৫৪৫/- টাকা | -ঐ- |
| (১৪) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৬৪/ডি (নীচতলা পশ্চিমাংশ) ৬৪/আই, ৪৮/এ (২য় তলা উত্তর পার্শ্ব), ও শহীদ রমিজউদ্দিন স্কুল সংলগ্ন ৬০/৯ (নির্ধারিত ভাড়া) নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৮২,৭৩৫/-টাকা | -ঐ- |
| (১৫) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৬৫ নং বিল্ডিং এর নীচতলা মেরামত, সংস্কার ও রংকরন কাজ। | ৭২,৭৫৪/-টাকা | -ঐ- |
| (১৬) | ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৯২ নং বাসার দোতলা (পরিত্যক্ত সম্পত্তি) মেরামত ও চুনাকরন কাজ। | ৩১,৬৩৬/-টাকা | পরিত্যক্ত সম্পত্তি ফান্ড হতে |
| (১৭) | শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজের পশ্চিম পার্শ্বে শহীদ সরনিতে অবস্থিত ওভার ব্রীজ রংকরণ। | ২২,০৪০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৮) | ১নং পানির পাম্পের পানির লেয়ার নীচে নেমে যাওয়ায় ৮" ফিল্টারের ভিতরে ৩" পাইপ ঢুকিয়ে ১৫ কিলোওয়াটের সামবারসিবল পাম্প মটরসহ স্থাপন কাজ। | ৪,০৪,৯৭৭/-টাকা | -ঐ- |
| (১৯) | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে বিভিন্ন লেনে ষ্ট্রীট লাইট স্থাপন কাজ। | ৫,৬৮,১৩৬/৩১ টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোডে ১ নং পানির পাম্পের ওভারহেড লাইনের ৬´ পানির লাইন মেরামতকরণ কাজ। | ৩২,১৪১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

হীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে উপস্থাপিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং- ৫, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৭, ১৮ ও ২০ এ উল্লেখিত প্রকল্পসমূহের দরপত্র আহবানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পসমূহ চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

ালোচ্যসূচী-১৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৩, ৪, ৫, ৮, ১০ ও ১১ এর কর্তনকৃত রাস্তা ও বিভিন্ন রোডে পটহোল মেরামতসহ কার্পেটিং কাজ। | ৫,৭৮,৩২৫/- টাকা | মেসার্স এ কে কনস্ট্রাকশন ১৫৬/৫, মাটিকাটা, ঢাকা সেনানিবাস। | ৫,৭৬,৯০৮/৭৬ টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল |

চলমান পাতা-৭

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (২) | যানবাহন চলাচলের সুবিধার্থে আদমজী ক্যান্টনমেন্ট স্কুলের সম্মুখস্থ শহীদ সরণির পশ্চিম পার্শ্বে ডাইভারশন রোড এবং ১১ নং রোডের মাথায় জিআই পাইপের রেলিংসহ ফুটপাত নির্মাণ। | ৫,০৮,৯৭১/- টাকা (২০০৫ সালের সিডিউল) | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ৫,৮৫,১২৮/৩১ | অনুদান |
| (৩) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ২,০০,০০০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৯৬,০১৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ। |
| (৪) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ৫০,০০০/- টাকা | মেসার্স আজিজ কর্পোরেশন | ৪৯,০৫১/৩৬ টাকা | -ঐ- |
| (৫) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুল মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ১,০০,০০০/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স | ৯৭,৯৭৭/২৫ টাকা | -ঐ- |
| (৬) | মুসলিম মডার্ণ একাডেমী মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ২,০০,০০০/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ১,৯১,৪১২/- টাকা | -ঐ- |
| (৬) | সেনাপল্লী হাই স্কুল মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ১,০০,০০০/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৮৯,৪৮১/৬০ টাকা | -ঐ- |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং বাসার ২য় তলার দক্ষিণ পার্শ্ব মেরামত। | ২১,৮৫১/- টাকা | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ২০,৭৭৫/০৭ টাকা | -ঐ- |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/ডি-৬ নং বাসা মেরামত ও রংকরণ। | ২১,৪১০/- টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ২০,৫০৭.৯৯ টাকা | -ঐ- |
| (৯) | বনানী ডিওএইচএস এলাকার রোড নং-৩,৪ ও ৫ এবং ৬/এ এবং ২ এর তিনটি লিংক রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ২৬,৩৩,৭৯৪/-টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ | ২৬,২৮,১৪৯/৪৫টাকা | অনুদান |
| ১০) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৩ হতে ২৭ পর্যন্ত লিংক রোড ও ২৭ হতে ২৮ পর্যন্ত লিংক রোড মেরামতসহ সীলকোট ও পেইন্টিং কাজ। | ১,৮৭,৬২০/-টাকা | মেসার্স ইউনুস এন্টারপ্রাইজ | ১,৮৩,৮৫৫/৩৮ টাকা | অনুদান |
| ১১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/ডি দোতলার পূর্ব পার্শ্ব ও ৬৫/ডি-৬নং বাসা মেরামত ও চুনকাম। | ৫৭,৬৭০/-টাকা | মেসার্স সীফাত এন্টারপ্রাইজ | ৫৫,২৯২/৩৬ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/সি ও ৪/এ নং বাসা মেরামত ও চুনাকরণ কাজ। | ৪৫,৯৪৪/-টাকা | মেসার্স সীফাত এন্টারপ্রাইজ | ৪৫,০২২/৫০ টাকা | -ঐ- |
| ৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি-২, ১৩ ও ৬নং বাসা মেরামত ও চুনাকরণ কাজ। | ৬৪,৪২৫/-টাকা | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৬৩,২৭২/৩৯ টাকা | -ঐ- |
| ৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯১ (দোতলা) ও শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন ৬০/৩ ও ৬০/১০ (নির্ধারিত ভাড়া) নং বাসা তিনটি মেরামত ও চুনাকরণ কাজ। | ৪৯,৭১১/-টাকা | মেসার্স ফার্সিয়া ট্রেডিং | ৪৭,২২১/৪৬ টাকা | -ঐ- |
| ) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার কোয়ার্টার নং-৯১(নীচতলা) মেরামত ও রংকরণ কাজ। | ২২,৩০২/-টাকা | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ২১,৬৬৯/৯৩ টাকা | পরিত্যক্ত সম্পত্তি ফান্ড হতে |
| ) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-১,২,৩,৪,৫,৬,৭,১১,২০ ও ২৩ মেরামতসহ সীলকোট ও পেইন্টিং কাজ। | ১২,০১,৫৪৪/-টাকা | মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ১২,০০,৪৬২/৯৯ টাকা | অনুদান |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১৭) | ২০০৭-২০০৮ আর্থিক সালে নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ। | ৯,৫৬,৮৬১/-টাকা | মেসার্স রহমান ট্রেডার্স | ১০,১৫,৯৫৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৮) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে ওয়াশার অবৈধ স্থাপনা অপসারণ করায় উক্ত প্লটের পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৫০,৮২২/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৫০,৮৯২/৭৫ টাকা | -ঐ- |
| (১৯) | মহাখালী ডিওএইচএস এলাকার ২৮নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১৩,৯৬,৫৯৬/-টাকা | মেসার্স কে আর ট্রেড ইন্টারন্যাশনাল | ১০,৪৭,০৫৬/২০ টাকা | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে TEC (Tender Evaluation Committee) কর্তৃক মূল্যায়নকৃত দর মোতাবেক ক্রমিক নং-১ হতে ১৮-এ উল্লেখিত প্রকল্পগুলোর দর নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো এবং ক্রমিক নং- ১৯ এ বর্ণিত সর্বনিম্ন দরদাতার প্রদত্ত দর এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ এর চেয়ে ২৫.০২% নিম্নে বিধায় মূল্যায়ন করা হয়নি। তবে ক্রমিক নং-১৯ এ উল্লেখিত প্রকল্পের জন্য মেসার্স কে আর ট্রেড ইন্টারন্যাশনাল কর্তৃক দাখিলকৃত দরে কাজটি স্পেসিফিকেশন মোতাবেক যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১১, ১২, ১৩, ১৪, ১৭ ও ১৮ এ উল্লেখিত প্রকল্পসমূহের বিপরীতে কার্যাদেশ প্রদানসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক এবং অবশিষ্ট প্রকল্পের দরসমূহ চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কাগজাদিসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | অনুমোদিত দর |
|---|---|---|---|
| (১) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৩, ৪, ৫, ৮, ১০ ও ১১ এর কর্তনকৃত রাস্তা ও বিভিন্ন রোডে পটহোল মেরামতসহ কার্পেটিং কাজ। | মেসার্স এ কে কনস্ট্রাকশন ১৫৬/৫, কাটিকাটা, ঢাকা সেনানিবাস। | ৫,৭৬,৯০৮/৭৬ টাকা |
| (২) | যানবাহন চলাচলের সুবিধার্থে আদমজী ক্যান্টনমেন্ট স্কুলের সম্মুখস্থ শহীদ সরণির পশ্চিম পার্শ্বে ডাইভারশন রোড এবং ১১ নং রোডের মাথায় জিআই পাইপের রেলিংসহ ফুটপাত নির্মাণ। | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ৫,৮৫,১২৮/৩১ টাকা |
| (৩) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল মেরামত ও রক্ষণাবেক্ষণ। | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৯৬,০১৯/- টাকা |
| (৪) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ মেরামত ও রক্ষণাবেক্ষণ। | মেসার্স আজিজ কর্পোরেশন | ৪৯,০৫১/৩৬ টাকা |
| (৫) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুল মেরামত ও রক্ষণাবেক্ষণ। | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স | ৯৭,৯৭৭/২৫ টাকা |
| (৬) | মুসলিম মডার্ণ একাডেমী মেরামত ও রক্ষণাবেক্ষণ। | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ১,৯১,৪১২/- টাকা |
| (৭) | সেনাপল্লী হাই স্কুল মেরামত ও রক্ষণাবেক্ষণ। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৮৯,৪৮১/৬০ টাকা |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং বাসার ২য় তলার দক্ষিণ পার্শ্ব মেরামত। | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ২০,৭৭৫/০৭ টাকা |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/ডি-৬ নং বাসা মেরামত ও রংকরণ। | মেসার্স জি এম ট্রেডার্স | ২০,৫০৭.৯৯ টাকা |
| (১০) | বনানী ডিওএইচএস এলাকার রোড নং-৩,৪ ও ৫ এবং ৬/এ এবং ২ এর তিনটি লিংক রোড মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ | ২৬,২৮,১৪৯/৪৫টাকা |
| (১১) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৩ হতে ২৭ পর্যন্ত লিংক রোড ও ২৭ হতে ২৮ পর্যন্ত লিংক রোড মেরামতসহ সীলকোট ও পেইন্টিং কাজ। | মেসার্স ইউনুস এন্টারপ্রাইজ | ১,৮৩,৮৫৫/৩৮ টাকা |
| (১২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/ডি দোতলার পূর্ব পার্শ্ব ও ৬৫/ডি-৬নং বাসা মেরামত ও চুনকাম। | মেসার্স সীফাত এন্টারপ্রাইজ | ৫৫,২৯২/৩৬ টাকা |
| (১৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/সি ও ৪/এ নং বাসা মেরামত ও চুনাকরণ কাজ। | মেসার্স সীফাত এন্টারপ্রাইজ | ৪৫,০২২/৫০ টাকা |
| (১৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি-২, ১৩ ও ৬নং বাসা মেরামত ও চুনাকরণ কাজ। | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৬৩,২৭২/৩৯ টাকা |

চলমান পাতা-৯

| ক্রমিক নং | কাজের বিবরণ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | অনুমোদিত দর |
|---|---|---|---|
| (১৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯১ (দোতলা) ও শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন ৬০/৩ ও ৬০/১০ (নির্ধারিত ভাড়া) নং বাসা তিনটি মেরামত ও চুনাকরণ কাজ। | মেসার্স ফার্সিয়া ট্রেডিং | ৪৭,২২১/৪৬ টাকা |
| (১৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার কোয়ার্টার নং-৯১(নীচতলা) মেরামত ও রংকরণ কাজ। | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ২১,৬৬৯/৯৩ টাকা |
| (১৭) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-১,২,৩,৪,৫,৬,৭,১১,২০ ও ২৩ মেরামতসহ সীলকোট ও পেইন্টিং কাজ। | মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ১২,০০,৪৬২/৯৯ টাকা |
| (১৮) | ২০০৭-২০০৮ আর্থিক সালে নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ। | মেসার্স রহমান ট্রেডার্স | ১০,১৫,৯৫৫/-টাকা |
| (১৯) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে ওয়াশার অবৈধ স্থাপনা অপসারণ করায় উক্ত প্লটের পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৫০,৮৯২/৭৫ টাকা |
| (২০) | মহাখালী ডিওএইচএস এলাকার ২৮নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | মেসার্স কে আর ট্রেড ইন্টারন্যাশনাল | ১০,৪৭,০৫৬/২০ টাকা |

আলোচ্যসূচী-১৭ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ৩৬৬/৮ নং প্লটের মালিক বিএ-১১৭৩ লেঃ কর্ণেল নাসির উদ্দিন আহমেদ (অবঃ) উক্ত প্লটে বাড়ী নির্মাণের সময়সীমা বৃদ্ধির জন্য গত ১৬ জানুয়ারি, ২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এ প্রসংগে উল্লেখ্য যে, অত্র দপ্তরের ১৮ জানুয়ারি, ২০০৭ তারিখের ঢাক্যাবো/জেনারেল/প্লট নং-৩৬৬/৮/বারিধারা ডিওএইচএস/ ২১ নং পত্রের মাধ্যমে উক্ত প্লটে ০৬(ছয়) তলা বাড়ী নির্মাণের জন্য নকশা অনুমোদন করা হয়। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্র ও নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার ৩৬৬/৮ নং প্লটে বাড়ী নির্মাণের সময়সীমা ৩০ জুন, ২০০৮ তারিখ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে আতিক কনস্ট্রাকশন, বি-২৮, একতা প্লাজা, খিলক্ষেত বাজার, ঢাকা-১২২৯ গত ০৬ ডিসেম্বর, ২০০৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্র ও অন্যান্য কাগজাদি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে আতিক কনস্ট্রাকশন, বি-২৮, একতা প্লাজা, খিলক্ষেত বাজার, ঢাকা-১২২৯-কে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ ঃ ডিওএইচএস বনানীস্থ রোড নং-৬ ও ৬/বি রোড নির্মাণ স্থলে বিদ্যমান ০৬ (ছয়)টি বিভিন্ন প্রজাতির গাছ অপসারণের জন্য ১১ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখ প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলাম ডাকে জনাব হারুন মিয়া, ১৩৭/৩ ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাস ১,৫৫০/-(এক হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ ডাককারী হিসেবে বিবেচিত হন। এ প্রেক্ষিতে তাকে অত্র দপ্তরের ১৯ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখের ঢাক্যাবো/এসটিপি/১৮/৭/২৮৯ নং পত্রের মাধ্যমে গাছ কর্তনের জন্য অনুমতি প্রদান করা হয়। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ডিওএইচএস বনানীস্থ রোড নং-৬ ও ৬/বি রোড নির্মাণ স্থলে বিদ্যমান ০৬ (ছয়)টি বিভিন্ন প্রজাতির গাছ বিক্রির নিমিত্তে জনাব হারুন মিয়া, ১৩৭/৩ ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ১,৫৫০/-(এক হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ নিলাম ডাকটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-২০ ঃ বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এলাকার নির্মিত/নির্মানাধীন অননুমোদিত নির্মাণের সর্বশেষ অবস্থা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ২০০৩ সালে অননুমোদিত নির্মাণের তালিকা প্রস্তুত করার পর অনেক প্লটেই পুনরায় অননুমোদিত নির্মাণ কাজ করা হয়েছে বলে নতুনভাবে অননুমোদিত নির্মাণ কাজের তালিকা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | সেক্রেটারী<br>বনানী/মহাখালী/বারিধারা ডিওএইচএস পরিষদ<br>ঢাকা সেনানিবাস। | -- | আহ্বায়ক |
| (২) | সহকারী প্রকৌলী (সিভিল)<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | সহকারী/উপ-সহকারী প্রকৌশলী<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উপরোক্ত কমিটি প্রতিটি ডিওএইচএস এর জন্য আলাদাভাবে অননুমোদিত নির্মাণের তালিকা প্রস্তুত করে যৌথ স্বাক্ষরে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে আগামী ৩০ এপ্রিল, ২০০৮ তারিখের মধ্যে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বরাবর দাখিল করবেন। এ প্রসংগে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৩তম সভার ৭ নং সিদ্ধান্তের আলোকে অননুমোদিত নির্মাণের জন্য জরিমানা ধার্য করতে হবে। তবে নতুন করে কোন অননুমোদিত নিমাণ কাজ করা যাবেনা।

আলোচ্যসূচী-২১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাড়ী নং-১৬/এইচ এর অতিরিক্ত জমি দখলমুক্ত করাসহ নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এইচ নং প্লটে বরাদ্দের অতিরিক্ত জমির দখল ছেড়ে পাকা সীমানা দেয়াল নির্মাণ সাপেক্ষে নামজারীর পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী গাড়ী ও পানি বাহিত গাড়ীর জন্য বিভিন্ন সাইজের ৪টি ব্যাটারী সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ১৪ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে টায়ার এন্ড ব্যাটারী বাজার, ৬০, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, ফার্মগেইট, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৪,৯৫৪/- (চুয়াল্লিশ হাজার নয়শত চুয়ান্ন) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী গাড়ী ও পানি বাহিত গাড়ীর জন্য বিভিন্ন সাইজের ৪টি ব্যাটারী সরবরাহের নিমিত্তে টায়ার এন্ড ব্যাটারী বাজার, ৬০, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, ফার্মগেইট, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৪,৯৫৪/- (চুয়াল্লিশ হাজার নয়শত চুয়ান্ন) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ ঃ ঢাকা সেনানিবাস এলাকায় পরিস্কার-পরিচ্ছন্নতার মান উন্নয়ন প্রসংগে সদর দপ্তর লজিষ্টিক এরিয়া, ঢাকা সেনানিবাসের ০৩ মার্চ, ২০০৮ তারিখের ৭৬০০/২৬/চিকিৎসা নং পত্রখানা সভায় উপস্থাপন করা হলো। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে একটি আধুনিক কশাইখানা নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ লক্ষ্যে আগামী বোর্ডসভায় একটি কশাইখানা নির্মাণের মূল্যানুমান উপস্থাপনের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা-১১

আলোচ্যসূচী-২৪ ঃ মেসার্স প্রো-এ্যাক্ট এডভারটাইজিং এন্ড কমিউনিকেশন লিঃ কর্তৃক রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের ছাদের উপর স্থাপিত ০২(দুই)টি হোর্ডিং বোর্ডের মেয়াদোত্তীর্ণের প্রেক্ষিতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য মেয়াদ নবায়নের নিমিত্তে ১০ ডিসেম্বর, ২০০৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করা হয়। এ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ছাদের উপর স্থাপিত ৬০০ বর্গফুট বিশিষ্ট ০২(দুই)টি হোর্ডিং বোর্ডের মেয়াদ প্রতি বর্গফুট বাৎসরিক ২০০/- (দুইশত) টাকা হারে মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ডি/৮১/১ ও ডি/৮১/৩ নং ০২(দুই) বছর মেয়াদী অস্থায়ী ০২ (দুই)টি দোকানের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০০৭ তারিখে এবং ডি/৮১/২ নং ০২(দুই) বছর মেয়াদী অস্থায়ী ০১ (এক)টি দোকানের মেয়াদ ৩১ জানুয়ারি, ২০০৮ তারিখে উত্তীর্ণের প্রেক্ষিতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য মেয়াদ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট দোকান বরাদ্দলাভকারীগণের আবেদনপত্র ও নথিসমূহ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ডি/৮১/১, ডি/৮১/৩ ও ডি/৮১/২ নং ০২(দুই) বছর মেয়াদী অস্থায়ী দোকান ০৩(তিন)টির মেয়াদ, মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৬ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় আইএসপিসহ আইটি ব্যবসার নিমিত্তে লেঃ কর্ণেল মুহাম্মদ শাহজাহান, দেশ বিডি টেকনোলজি, হাউজ#বি/১১৭, রোড#৭, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস ২৮ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখে অত্র দপ্তরে একখানা আবেদনপত্র পেশ করেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নীতিমালা মোতাবেক মহাখালী ডিওএইচএস এলাকায় আইএসপিসহ আইটি ব্যবসার নিমিত্তে দেশ বিডি টেকনোলজি, হাউজ#বি/১১৭, রোড#৭, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস-কে BTRC হতে ISP লাইসেন্স সংগ্রহ করার জন্য ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৭ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি সার্ভিস প্রদানের নিমিত্তে জনাব প্রমিত রেজা, এ্যাসিসটেন্ট ভাইস প্রেসিডেন্ট, বেংগল কমিউনিকেশন লিঃ, ১৫৫/এ, গুলশান-২, ঢাকা-১২১২ অত্র দপ্তরে ২৮ মে, ২০০৭ তারিখে আবেদন করেন। এ বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এবং বারিধারা ডিওএইচএস পরিষদের ছাড়পত্র চাওয়া হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৩ জানুয়ারি, ২০০৮ তারিখের ১৩০০/১২০/৬৫/খ নং পত্র এবং বারিধারা ডিওএইচএস পরিষদের ১৬ জুলাই, ২০০৭ তারিখের ডিওএইচএস-বা/১০৭/মিডিয়া নং পত্রের মাধ্যমে নির্ধারিত শর্তসাপেক্ষে বারিধারা ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি সার্ভিস প্রদানের নিমিত্তে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নীতিমালা মোতাবেক বারিধারা ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি সার্ভিস প্রদানের নিমিত্তে বেংগল কমিউনিকেশন লিঃ, ১৫৫/এ, গুলশান-২, ঢাকা-১২১২-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১২

আলোচ্যসূচী-২৮ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় ডিস ক্যাবল টিভি সংযোগের ট্রেড লাইসেন্স চেয়ে জনাব মোৎ আবু সাইদ খান, প্রোঃ-স্কাইলাইন ক্যাবল নেটওয়ার্ক, বাড়ী#৪২৫, রোড#৩০, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস অত্র দপ্তরে ০৩ মে, ২০০৭ তারিখে আবেদন করেন। এ বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র চাওয়া হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৪ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখের ১৩০০/১২০/৬৫/খ নং পত্রের মাধ্যমে ডিওএইচএস মহাখালী এলাকায় ডিস ক্যাবল টিভি সংযোগের নিমিত্তে ট্রেড লাইসেন্স প্রদানের নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নীতিমালা মোতাবেক মহাখালী ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি সার্ভিস প্রদানের নিমিত্তে স্কাইলাইন ক্যাবল নেটওয়ার্ক, বাড়ী#৪২৫, রোড#৩০, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস প্রদানের নিমিত্তে ট্রেড লাইসেন্স চেয়ে জনাব মোঃ মাহবুবুর রহমান, সিইও, নেট পয়েন্ট, হাউজ#৪৬৮, রোড#৩১, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস অত্র দপ্তরে ২২ অক্টোবর, ২০০৭ তারিখে আবেদন করেন। এ বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র চাওয়া হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৪ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখের ১৩০০/১২০/৬৫/গ নং পত্রের মাধ্যমে ডিওএইচএস মহাখালী এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিসের ট্রেড লাইসেন্স প্রদানের নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নীতিমালা মোতাবেক মহাখালী ডিওএইচএস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস প্রদানের নিমিত্তে নেট পয়েন্ট, হাউজ#৪৬৮, রোড#৩১, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩০ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদের দোতলায় গোসলখানাসহ একটি টয়লেট ছদকায়ে জারিয়া হিসেবে নির্মাণের অনুমতি চেয়ে আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন, ডিসিসি-৬০৫, উত্তর কাফরুল, ঢাকা ক্যান্ট ১১/০১/২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে রজনীগন্ধা সুপার মার্কেট মসজিদের দোতালায় ছদকায়ে রাজিয়া হিসেবে গোছলখানাসহ একটি টয়লেট নির্মাণের নিমিত্তে আলহাজ্ব মোঃ আনোয়ার হোসেন, ডিসিসি-৬০৫, উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাসকে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | শহীদ সরণিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ), সিগন্যাল পোল রংকরণ এবং বৈদ্যুতিক স্যুইচ বোর্ড পেইন্টিংকরণ। | ৪৯৩৬/-টাকা | মেসার্স জুই এন্টারপ্রাইজ |

চলমান পাতা-১৩

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (২) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত এবং শহীদ মঈনুল রোডের উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ) এবং সিগন্যাল পোল পেইন্টিংকরণ। | ৪,৯৪৯/টাকা | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স |
| (৩) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বাস স্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, ট্যাংক, গাছের গোড়া, পার্ক, সাইন বোর্ড এবং সিভিল এভিয়েশন হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডিভাইডার পেইন্টিং/চুনকামকরণ। | ৯,০৬৬/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স |
| (৪) | ১৩ এমপি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আরআইএসডির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া, ডিভাইডার ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৭,২১২/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স |
| (৫) | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রংকরণসহ সাইন বোর্ড লেখার কাজ। | ১২,৩৭৯/- টাকা | মেসার্স হাবিব ট্রেডিং |
| (৬) | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, এয়ার হাউসের নিকটস্থ পার্ক, জিআই পাইপের রেলিং, ডিভাইডার, টিএন্ডটি বক্স, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৮,২১৫/- টাকা | মেসার্স আর এস এন্টারপ্রাইজ |
| (৭) | শহীদ মঈনুল রোডের আইল্যান্ড, আইল্যান্ডের প্লাস্টার, গাছের গোড়া, সাইন বোর্ড, আরপি চেকপোস্ট, শেল বক্স, স্পীড ব্রেকার, বেঞ্চ, গার্ডেন লাইট শেড ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ২,৫৫০/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| (৮) | শিখা অনির্বাণের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব, গম্বুজ ও ওভারহেড ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামত ও রংকরণ। | ৯,৫১৪/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাজ |
| (৯) | পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, ফুলের ড্রাম/চারী, টিএন্ডটি বক্স, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল, গাছের গোড়া ও সাইন বোর্ড মেরামতসহ রংকরণ কাজ। | ৭,৬৫৯/- টাকা | মেসার্স মনির এন্ড কোং |
| (১০) | সেনাকুঞ্জ হতে স্টাফ রোড পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট ও ছাতা মেরামত, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৪,৪৯৪/- টাকা | মেসার্স মধুমতি ট্রেডার্স |
| (১১) | স্টাফ রোড হতে পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ ট্যাংক, কামান রংকরণ। | ৭,৩৩৮/- টাকা | মেসার্স শাহাব উদ্দিন এন্টারপ্রাইজ |
| (১২) | স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ২,৯৬২/- টাকা | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ |

চলমান পাতা-১৪

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১৩) | সিএমএইচ হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স,ফুটপাতের স্ল্যাব, গাছের গোড়া, সাইন বোর্ড ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৫,০৭৭/- টাকা | মেসার্স আজিজ কর্পোরেশন |
| (১৪) | স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে মেশিনের সাহায্যে রোড মার্কিং কাজের জন্য লেবার চার্জ। | ৭,৭৪৮/- টাকা | মেসার্স রহমান ট্রেডার্স |
| (১৫) | শহীদ সরণিস্থ গ্যারিসন সিনেমা হলের সামনের গ্রীল, ফুটপাত ও বাউন্ডারী ওয়াল রংকরণ। | ১,৬৪৯/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ |
| (১৬) | শহীদ সরণিস্থ বিমান সদর দপ্তরের উত্তর পার্শ্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে সশস্ত্র বাহিনী বিভাগ এবং তিন বাহিনী সদর দপ্তরের সাথে ফাইবার অপটিক্যাল ক্যাবল নেটওয়ার্ক স্থাপনের রোড কাটিং মেরামত কাজ। | ২,৮৭০/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| (১৭) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিস্থ ফুটপাতে স্থাপনকৃত সাইন বোর্ড ফুটপাত হতে অপসারণ করে স্থানান্তর, এমপি চেক পোস্টে স্থাপিত বোর্ডসমূহ ফ্লোরোসেন্ট স্টীকারের মাধ্যমে লেখা, শাখা রাস্তা হতে প্রধান সড়কের প্রবেশ মুখে থামুন বা অপেক্ষা সম্বলিত সাইন বোর্ড স্থাপন। | ৮৬,৩৭১/- টাকা | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল |
| (১৮) | শহীদ জাহাঙ্গীর গেইটের সম্মুখের রাস্তায় স্পাইক ব্যারিয়ারের দুই পার্শ্বে কার্পেটিং ও সীলকোটকরণ। | ৩,৫৬৯/- টাকা | মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ |
| (১৯) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদ এবং ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পানির লাইন মেরামতকরণ। | ৩,৬৩৪/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ |

হীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও ব্যবহারকারী/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

২ বিবিধ (১) ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাভবনের চাহিদা মোতাবেক সবুজ ঘাসের লনের জন্য ০৫(পাঁচ) ট্রাক সিলেট বালু সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ০৩ মার্চ, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স গাজী এন্ড ব্রাদার্স, ডিএমসি-১৮৬, ধামালকোট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত প্রতি ট্রাক সিলেট বালু ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা হিসেবে ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ সেনাভবনের সবুজ ঘাসের লনের জন্য ০৫(পাঁচ) ট্রাক সিলেট বালু সরবরাহের নিমিত্তে মেসার্স গাজী এন্ড ব্রাদার্স, ডিএমসি-১৮৬, ধামালকোট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১৫

৩২ বিবিধ (২) ঃ মিরপুর ডিওএইচএস পরিষদ এর অফিস স্থাপনের নিমিত্তে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর ২৫ জুলাই, ২০০৭ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে ৮,৬৮,৬৪৩/- (আট লক্ষ আটষট্টি হাজার ছয়শত তেতাল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদনসহ প্রকল্প অনুমোদনের জন্য অনুরোধ জানানো হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্র ও তৎসংযোজিত নকশা ও মূল্যানুমান সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এলাকায় প্রস্তাবিত রাওয়া ক্লাব এর স্থানে ডিওএইচএস এর অফিস স্থাপনের নিমিত্তে ৮,৬৮,৬৪৩/- (আট লক্ষ আটষট্টি হাজার ছয়শত তেতাল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদনসহ প্রকল্প অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল থেকে সংকুলান করতে হবে।

৩২ বিবিধ (৩) ঃ ডিওএইচএস এবং ঢাকা ক্যান্টনমেন্ট এলাকায় নির্মাণকারী সংস্থা এর মাধ্যমে বাড়ী নির্মাণ সংক্রান্ত সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৯ মার্চ, ২০০৮ তারিখের ৩৯১৭/৯/আর/ ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রটির উপর আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৯ মার্চ, ২০০৮ তারিখের ৩৯১৭/৯/আর/ ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে উল্লেখিত পত্রের নির্দেশনা মোতাবেক ডিওএইচএস এবং ঢাকা ক্যান্টনমেন্ট এলাকায় নির্মাণকারী সংস্থা এর মাধ্যমে বাড়ী নির্মাণ সংক্রান্ত নীতিমালায় প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক অনুমোদনের জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩২ বিবিধ (৪) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ আগামী ২৮ মার্চ, ২০০৮ তারিখে উত্তীর্ণ হয়ে যাবে বিধায় তাঁর চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ বর্ধিত করার জন্য মিসেস রোজিনা মাহমুদ গত ১১ মার্চ, ২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে মাসিক সর্বসাকুল্যে ১০,০০০/- (দশ হাজার) টাকা সম্মানীতে পরবর্তী এক বছরের জন্য নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩২ বিবিধ (৫) ঃ মহাখালী ডিওএইচএস এলাকার বিআইএস স্কুল সম্প্রসারণকল্পে ০৪(চার)টি শ্রেণীকক্ষ (Vertical Extension) (Steel Sheet দ্বারা তৈরী) নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বোর্ডের কোন কার্যক্রম আপাতত: গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে মহাখালী ডিওএইচএস এলাকাস্থ বিআইএস স্কুলের জমির শ্রেণী পরিবর্তন করে 'সি' শ্রেণীতে রূপান্তর করে নকশা দাখিল করা হলে অনুমোদনের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

চলমান পাতা-১৬

৩২ বিবিধ (৬) ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় ময়লা আবর্জনা সংগ্রহের জন্য ০৩(তিন)টি কাভার্ড ভ্যানগাড়ী সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১৩ মার্চ, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স আমিন ব্রাদার্স, সিবি-২০৯, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকায় ময়লা আবর্জনা সংগ্রহের জন্য ০৩(তিন)টি কাভার্ড ভ্যানগাড়ী সরবরাহের নিমিত্তে মেসার্স আমিন ব্রাদার্স, সিবি-২০৯, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৩২ বিবিধ (৭) ঃ অত্র দপ্তরের কঞ্জারভেন্সী অফিসার জনাব কাজী আব্দুল ওয়াহেদ এর বয়স আগামী ২৩ মার্চ, ২০০৮ তারিখ ৫৭ (সাতান্ন) বছর পূর্ণ হবে এবং তাঁর এলপিআর শুরু হবে। সেনানিবাসের পরিস্কার-পরিচ্ছন্নতা, পরিবেশ রক্ষা, সৌন্দর্য্য বৃদ্ধি ও রক্ষায় কঞ্জারভেন্সী অফিসারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বিধায় জনাব কাজী আব্দুল ওয়াহেদ এর মত একজন দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তার প্রয়োজন রয়েছে। উল্লেখ্য যে, বর্তমানে বাংলাদেশের অন্যান্য ক্যান্টনমেন্ট বোর্ডে কঞ্জারভেন্সী অফিসার নেই। সে প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার তাঁর চাকরির মেয়াদ (চুক্তিভিত্তিক) বৃদ্ধির প্রস্তাব করলে প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড তা মিনিট শীটের মাধ্যমে ০১(এক) বছরের জন্য বৃদ্ধির সুপারিশ করেন। বিষয়টি ঘটনোত্তর অনুমোদনের নিমিত্তে সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা সেনানিবাসে সুষ্ঠু কঞ্জারভেন্সী সার্ভিস নিশ্চিত করার লক্ষ্যে জনাব কাজী আব্দুল ওয়াহেদ-কে তাঁর এলপিআরকালীন সময়সহ ০২ (দুই) বছরের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে কঞ্জারভেন্সী অফিসার পদে চুক্তি ভিত্তিক নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ হামিদুর রহমান )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।